



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
ময়মনসিংহ।
www.deo.mymensingh.gov.bd



তারিখ- ২৬/১১/২০২৩ খ্রি.

অফিস আদেশ

নিম্নলিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগ বোর্ডে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামের পার্শ্বে বর্ণিত কর্মকর্তাকে শর্ত সাপেক্ষে মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, ঢাকা মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন দেয়া হলো।

ক্র.নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগ যোগ্য পদের নাম	মনোনীত প্রতিনিধির পদবী ও ঠিকানা
০১	দীঘা উচ্চ বিদ্যালয় গফরগাঁও, ময়মনসিংহ।	১। সহকারী প্রধান শিক্ষক-০১। (পদটি শূন্য/সৃষ্ট)	প্রধান শিক্ষক গফরগাঁও ইসলামিয়া সরকারি হাই স্কুল গফরগাঁও, ময়মনসিংহ।

২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।

৩। মনোনীত ব্যক্তির কার্যের দ্বারা মহাপরিচালক, মাউশি, ঢাকার উপর কোন দায় দায়িত্ব বর্তাবে না। সংশ্লিষ্ট নিয়োগ বোর্ডের সুপারিশ এমপিও ভুক্তির নিশ্চয়তা বহন করে না। ২৮/০৩/২০২১ খ্রিঃ তারিখে জারিকৃত জনবল কাঠামোতে নির্দেশিত প্রাপ্যতার অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীকে প্রতিষ্ঠানের বেসরকারি তহবিল হতে ১০০% বেতন ভাতাদি প্রদান করতে হবে।

৪। নিয়োগ বোর্ডে দায়িত্ব পালনের ক্ষেত্রে শর্ত সমূহঃ

(ক) ২৮/০৩/২০২১ খ্রিঃ তারিখে সংশোধিত জারিকৃত জনবল কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট পদের শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রাপ্যতা যাচাই করে নিয়োগের জন্য সুপারিশ করবেন।

(খ) নিয়োগের ফলাফল বিবরণীতে প্রতিযোগীদের ইনডেক্স/নিবন্ধন/অভিজ্ঞতা/শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে।

(গ) ২৮/০৩/২০২১ খ্রিঃ তারিখে সংশোধিত জনবল কাঠামো অনুসরণ করতে হবে।

(ঘ) প্রস্তাবিত পদটি ২৮/০৩/২০২১ এর সংশোধিত জনবল কাঠামো অনুযায়ী প্রাপ্যতা থাকলে তিনি নিয়োগ/বাছাই কমিটিতে সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন এবং ফলাফল সীটে অবশ্যই তাঁর নাম, পদবী ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখপূর্বক স্বাক্ষর করবেন।

(ঙ) কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ছাড়া এবং প্যাটার্নের অতিরিক্ত পদে শিক্ষক/কর্মচারী নিয়োগে সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের নং-শা/মামলা/৮-২৩৩/২০০৬/১১৯১, তারিখ-১৮/০৯/২০০৬ অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(চ) সভাপতির সাথে সমন্বয়পূর্বক মনোনীত প্রতিনিধির সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ, স্থান ও সময় নির্ধারণ করবেন।

(ছ) প্রস্তাবিত পদের অনুকূলে নিয়োগ কার্যক্রমে বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা থাকলে নিয়োগ প্রদান করা যাবে না।

(জ) নিয়োগ কার্যক্রমে কোন প্রকার কুটি/গড়মিল পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(ঝ) যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিম্নস্বাক্ষরকারী ডিজি মহোদয়ের প্রতিনিধি বাতিল/পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোহিছিনা খাতুন)

জেলা শিক্ষা অফিসার

ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৬৬৬২২৩০।

স্মারক নং-জেসিঅ/ময়মন/২০২৩/০২০৬(৬)

23.11.23

তারিখ- ২৬/১১/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।

৫। প্রধান শিক্ষক, গফরগাঁও ইসলামিয়া সরকারি হাই স্কুল, গফরগাঁও, ময়মনসিংহ। (তাকে অনুচ্ছেদ-৪ এর শর্তসমূহ প্রতিপালন পূর্বক নিয়োগ কার্যসম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ। (তাকে অনুচ্ছেদ-৪ এর শর্তসমূহ প্রতিপালন পূর্বক নিয়োগ কার্যসম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৭। সভাপতি/প্রধান শিক্ষক, দীঘা উচ্চ বিদ্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ।

৮। অফিস নথি।

(মোহিছিনা খাতুন)

জেলা শিক্ষা অফিসার

ময়মনসিংহ।

deomymen@yahoo.com

23.11.23